দৈনিক বাংলা

তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

158

'সন্ত্রাস দমনের উদ্যোগ নেই'

# ঢাকা ভার্সিটি শিক্ষকদের কর্মবিরতি চলবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ তাঁদের চলমান কর্মবিরতি অব্যাহত রাখবেন। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরী সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে এবং

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি (প্রথম পৃঃ পর)

সন্ত্রাস নির্মূলে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবীতে শিক্ষকরা গত ২ নবেম্বর থেকে কর্মবিরতি পালন করছেন।

কর্মবিরতি অব্যাহত রাখা হবে কিনা—এ বিষয়ে শিক্ষক সমিতির সভায় বিতর্ক দেখা দেয়। কিছু শিক্ষক ছাত্র-ছাত্রীদের দাবী এবং সেশন জটের কথা বিবেচনা করে কর্মবিরতি প্রত্যাহারের কথা বলেন। তবে অধিকাংশ শিক্ষক কর্মবিরতি প্রত্যাহারের বিপক্ষে মত রাখেন। তাদের বক্তব্য : সরকার এখনো পর্যন্ত ক্যাম্পাসে সন্ত্রাস দমনে কোন উদ্যোগ বা পদক্ষেপ নেয়নি।

সভায় গৃহীত প্রস্তাবে ক্যাম্পাসে সন্ত্রাস দমন করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য সরকারের প্রতি আবারও আহ্বান জানানোহয়।

আগামী ২ ডিসেম্বর শিক্ষক সমিতির আরেকটি সাধারণ সভা অনুষ্ঠিত হবে। ঐ সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মসূচীর সঙ্গে সঙ্গতি রেখে পরবর্তী কর্মসূচী নির্ধারণ করা হবে।

**গণতান্ত্রিক ছাত্রঐক্য**

গণতান্ত্রিক ছাত্রঐক্য আজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করবে এবং স্মারকলিপি দেবে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার এবং অবৈধ অস্ত্র উদ্ধারের দাবীতে এ কর্মসূচী পালিতহবে।